# ALL INDIA RADIO, SILCHAR

*****************

## EVENING BULLETIN : BENGALI

## Date:- 04-10-2023

## *Time: 19:45-19:55 Hrs*

---

(১) সিকিমের মেঘ ভেঙ্গে বিস্ফোরণের ফলে হওয়া বন্যায় সেনাবাহিনীর ২৩ জন জোয়ান সহ মোট ৫৯ জন সন্ধানহীন । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পরিস্থিতি সম্পর্কে রাজ্যের মূখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা ।

(২) কেন্দ্রীয় সরকারের উজ্জ্বলা যোজনার হিতাধীকারীদের রান্নার গ্যাসের ভর্তুকি আরো একশো টাকা বৃদ্ধি ।

(৩) আসাম পুলিশের বাল্য বিবাহের বিরুদ্ধে অভিযান চালিয়ে এপর্যন্ত ৭১০ টি মামলা দায়ের করে ৯১৫ জন অভিযুক্তকে আটক।

এবং

(৪) বিশ্ব চ্যাম্পিয়ন লাভলীনা বড়গোঁহাইয়ের এশিয়ান গেম্‌সের মহিলাদের বক্সিং এর ৭৫ কিলোগ্রাম শাখার ফাইনালে রূপার পদক লাভ । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার শুভেচ্ছা জ্ঞাপন ।

---

সিকিমে হওয়া মেঘ ভেঙে বিস্ফোরণের ফলে গ্ল্যাশিয়্যাল হ্রদ, লোনাক হ্রদ এবং তিস্তা নদীর অববাহিকা সহ জলাশয়গুলিতে আকস্মিকভাবে জলস্তর বৃদ্ধি পাওয়ার ফলে রাজ্যের বহু স্থান বন্যার কবলে চলে গেছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাজ্যের মুখ্যমন্ত্রী প্রেম সিং তামাঙের সঙ্গে কথা বলে রাজ্যের এই পরিস্থিতির বিষয়ে খোঁজখবর নেন । প্রধানমন্ত্রী দুর্যোগ মোকাবিলা করার জন্য সবধরণের সাহায্য সহযোগিতার আশ্বাস দিয়েছেন । উল্লেখ্য- আকস্মিকভাবে

হওয়া এই বন্যার ফলে পাকিয়াং জেলায় সেনাবাহিনীর ২৩ জন জওয়ান সহ মোট ৫৯ জন সন্ধানহীন রয়েছেন বলে খবর পাওয়া গেছে । ঐ জেলার ওয়ারডাঙে বেশকয়েকটি গাড়ি জলে নীচে তলিয়ে গেছে । মুখ্যমন্ত্রী ভুক্তভোগীদের সঙ্গে সাক্ষাৎ করে সরকারের তরফ থেকে সবধরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস দিয়েছেন । এদিকে কেন্দ্রীয় আবহাওয়া দপ্তর থেকে আগামী ৪৮ ঘন্টায় সিকিমের জন্য রেড এলার্ট এবং আসাম ও মেঘালয়ের জন্য অরেঞ্জ এলার্ট জারি করা হয়েছে ।

------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রধানমন্ত্রী স্বনিধি প্রকল্পের হিতাধিকারীদের সংখ্যা ৫০ লক্ষ অতিক্রম করায় সন্তোষ প্রকাশ করেছেন । কেন্দ্রীয় গৃহ ও নগর পরিক্রমা মন্ত্রণালয়ের পক্ষ থেকে সামাজিক মাধ্যমে দেওয়া একটি পোস্টের প্রশংসা করে প্রধানমন্ত্রী বলেন যে- এই প্রকল্পের মাধ্যমে সড়কের পাশের ব্যবসায়ীদের জীবন ধারণের মান উন্নত করার পাশাপাশি তাদেরকে মর্যাদার সঙ্গে জীবন যাপনের সুবিধাও প্রদান করা হয়েছে ।

------------------------------------------------------------------------

সরকার উজ্জ্বলা যোজনার হিতাধিকারীদের রান্নার গ্যাসের ভর্তুকি আরো একশো টাকা বাড়িয়ে দিয়েছে । আজ নতুনদিল্লিতে সাংবাদিকদের সঙ্গে কথাপ্রসঙ্গে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর বলেছেন যে- কেন্দ্রীয় মন্ত্রীসভা প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনার হিতাধীকারীদের এল পি জি সিলিণ্ডারের ভর্তুকি বর্তমানের দুশো টাকা থেকে বাড়িয়ে সিলিন্ডার প্রতি তিনশো টাকা করার ক্ষেত্রে অনুমোদন জানিয়েছে ।

------------------------------------------------------------------------

আসাম পুলিশ বাল্য বিবাহের বিরুদ্ধে অভিযান চালিয়ে এপর্যন্ত ৭১০ টি মামলা রুজু করে ৯১৫ জন অভিযুক্তকে আটক করেছে । পুলিশ সঞ্চালক প্রধান জি পি সিং আজ এক সাংবাদিক সম্মেলনে একথা জানান । সঞ্চালকপ্রধান বলেন যে এই মামলাগুলি পকসো আইনের অধীনে মামলাগুলি রুজু করা হয়েছে । চলতি বছরের জুন মাস থেকে রাজ্যে বাল্য বিবাহের বিরুদ্ধে অভিযান আরম্ভ হয়েছে বলে উল্লেখ করে তিনি বলেন যে বাল্য বিবাহ

আসাম থেকে নির্মূল করার উদ্দেশ্যে এই অভিযান চালানো হয়েছে । এদিকে সাইবার অপরাধ সম্পর্কে শ্রী সিং বলেন যে এই অপরাধের সঙ্গে জড়িত কোনো লোক আত্মগোপন করে থাকলেও তাদের খুঁজে বের করা হবে । এক্ষেত্রে অভিজ্ঞ সাইবার বিশেষজ্ঞের সহায়তায় তদন্ত চলছে বলে তিনি উল্লেখ করেন ।আসাম লোকসেবা আয়োগের মামলা সম্পর্কে সঞ্চালকপ্রধান বলেন যে গোটা কেলেঙ্কারী বিশেষ তদন্তকারী গোষ্ঠীর নিরীক্ষণে রয়েছে এবং দোষী শাস্তি পাবেই । আজ সাংবাদিক সম্মেলনের মাধ্যমে তিনি আসাম পুলিশের উপ-পুলিশ অধীক্ষক লাভলীনা বরগোঁহাই এশিয়ান গেমসে রূপার পদক লাভ করার জন্য আনন্দ প্রকাশ করে তাঁকে শুভেচ্ছা জানান ।

--------------------------------------------------------------------------------

পরীক্ষায় নকল করা এবং এই কাজে সহায়তা করা লোকেদের তিন বছরের কারাবাস সহ ১ লক্ষ টাকা পর্যন্ত জরিমানা আরোপ করা হবে বলে শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু এক সাংবাদিক সম্মেলনে জানান । এসম্পর্কে গত দোসরা অক্টোবর গান্ধী মন্ডপে অনুষ্ঠিত আসাম মন্ত্রীসভার বৈঠকে এক অধ্যাদেশে অনুমোদন জানানো হয় ।সে অনুসারে শিক্ষামন্ত্রী ডা:পেগু নকল প্রতিরোধ ও প্রশ্নপত্র ফাঁসের বিরুদ্ধে সরকারের কঠোর স্থিতির বিষয়ে জানান ।মন্ত্রী এ পি এস সি , টেট ইত্যাদি যেকোনো নিযুক্তি সম্পর্কীত পরীক্ষা ও মেট্রিক ,উচ্চতর মাধ্যমিকের চূড়ান্ত পরীক্ষা সহ বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় অসাধু উপায় অবলম্বন করা পরীক্ষার্থীকে জেলে পাঠানো ছাড়াও জরিমানা আরোপ করা হবে বলে জানান । এছাড়া প্রশ্নপত্র ফাঁস করা , অন্য লোকের লেখা উত্তর বই এবং পরীক্ষা কেন্দ্রের বাইরে পরীক্ষা আয়োজন করা ইত্যাদি কার্যে জড়িতদের ৫ বছর থেকে ১০ বছর পর্যন্ত জেল এবং ১০ লক্ষ থেকে ১০ কোটি টাকা পর্যন্ত জরিমানা হবে ।

--------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার ন্যাশনেল লিবারেশন ফ্রন্ট অব ত্রিপুরা অর্থাৎ এন এল এফ টি এবং অল ত্রিপুরা টাইগার্স ফোর্স অর্থাৎ এ টি টি এফ'এর সবকটি গোষ্ঠীকে বেআইনী কাজকর্ম প্রতিরোধী আইনের অধীনে বেআইনী সংগঠন বলে ঘোষণা করেছে । কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রণালয় এই সংগঠনগুলিকে পাঁচ বছরের জন্য

নিষিদ্ধ ঘোষণা করেছে । সরাষ্ট্র মন্ত্রণালয়ের তরফ থেকে গতকাল জারি করা এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে- সরকার এন এল এফ টি এবং এ টি টি এফ'এর কাজকর্মকে ভারতের সার্বভৌমত্ব এবং অখন্ডতার প্রতি ক্ষতিকারক এবং সংগঠন দুটোকে বেআইনী বলে গণ্য করে । সংগঠনগুলি সরকারকে অবমাননা করে সন্ত্রাস মূলক এবং হিংসাত্মক কাজকর্মে জড়িত রয়েছে এবং নিজেদের লক্ষ্যে পৌঁছনোর উদ্দেশ্যে জনসাধারণের মধ্যে সন্ত্রাস ও হিংসার সৃষ্টি করে আসছে । মন্ত্রণালয় একইসঙ্গে বলেছে যে- যদি এই সংগঠনগুলির বিরুদ্ধে তৎক্ষণাৎ নিয়ন্ত্রণ মূলক ব্যবস্থা গ্রহণ করা না হয়, তবে তারা নিজেদের রাষ্ট্রদোহী, বিচ্ছিন্নতাবাদী এবং হিংসাত্মক কার্যকলাপ বৃদ্ধির জন্য তাদের সদস্যদের উত্তেজিত করে তুলতে পারে । সংগঠনগুলি ভারতের সার্বভৌমত্ব এবং অখণ্ডতার প্রতি ক্ষতিকারক শক্তি সমূহের সঙ্গে একজোট হয়ে রাষ্ট্রবিরোধী কার্যকলাপ ছড়িয়ে দিতে পারে বলে মন্ত্রণালয় সূত্রে মত প্রকাশ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

এশিয়ান গেমসের মহিলা বক্সিংয়ের ৭৫ কিলোগ্রাম শাখায় লাভলীনা বরগোঁহাই রূপার পদক অর্জন করেছে । আজ অনুষ্ঠিত চূড়ান্ত খেলায় লাভলীনা চীনের লী-কিয়ানের হাতে পরাজিত হন । উল্লেখ্য লাভলীনা গতকাল অনুষ্ঠিত সেমিফাইনালে থাইল্যান্ডের ওয়েইসন মানিকনকে ৫-০ তে পরাজিত করেন । এরফলে তিনি প্যারিস অলিম্পিকের জন্য ছাড়পত্র লাভ করেন । আজকের খেলায় তীব্র প্রতিদ্বন্দিতা করার পরও পরাজয় বরণ করে লাভলীনাকে রূপার পদক নিয়ে সন্তুষ্ট থাকতে হয় । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা এই সাফল্যের জন্য লাভলীনাকে অভিনন্দন জ্ঞাপন করেন ।এক শুভেচ্ছা বার্তায় মূখ্যমন্ত্রী বলেন যে লাভলীনার ধারাবাহিক সাফল্য বিশেষ করে মহিলা ও যুবতীদের সব প্রত্যাহ্বানের সম্মুখীন হয়েও স্বপ্ন বাস্তবায়িত করার দিকে অগ্রসর হতে উৎসাহিত করেছে । উল্লেখ্য এশিয়ান গেমসে আজ ভারত দুটি সোনা সহ মোট ১২ টি পদক অর্জন করে পদক সংখ্যা ৮১ তে বৃদ্ধি করেছে । নীরজ চোপড়া জ্যাভলিন থ্রোতে ৮৮ দশমিক ৮৮ মিটার দূরে জ্যাভলিন ছুঁড়ে সোনার পদক লাভ করেছেন । এর বিপরীতে ভারতের কিশোর কুমার জেনা ৮৭ দশমিক

৫৪ মিটার দূরে জ্যাভলিন ছুঁড়ে রূপার পদক লাভ করেছেন । ভারত এপর্যন্ত ১৮ টি সোনা , ৩১ টি রূপা এবং ৩২ টি ব্রোঞ্জ সহ ৮১ টি পদক নিয়ে তালিকায় চতুর্থ স্থানে রয়েছে ।

---------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এশিয়ান গেম্‌সে ভারতের খেলোয়াড়দের অভুতপূর্ব সাফল্যের জন্য খুশি ব্যক্ত করেছেন । আজ সামাজিক মাধ্যমে দেওয়া এক পোস্টে শ্রী মোদী বলেছেন যে- এবারের এশিয়ান গেম্‌সে ভারতের খেলোয়াড়রা আরো উজ্জ্বলভাবে প্রদর্শন করেছে । দেশের খেলোয়াড়রা তাদের খেলায় দারুণভাবে আত্মনিয়োগ করে খেলোয়াড়সুলভ মনোভাবকে তুঙ্গে নিয়ে গেছে । তিনি বলেন- প্রতিটি পদক একজন খেলোয়াড়ের জীবনের কঠোর পরিশ্রম ও আবেগকে প্রতিফলিত করে যা দেশ তথা জাতির জন্যে অতিশয় গৌরবের বিষয় ।

---------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় গত ২৪ ঘন্টায় তিনজন পুলিশ কর্মীকে গ্রেপ্তার করে তাদের চাকুরী থেকে বরখাস্ত করা হয়েছে । মূখ্যমন্ত্রীর দূর্নীতি দমন শাখার পক্ষ থেকে গতকাল আব্দুল্লাপুর পুলিশ ফাঁড়ির দায়িত্বপ্রাপ্ত এ এস আই হিতোস নাথকে দূর্নীতির অভিযোগে গ্রেপ্তার করা হয়েছে । আজ হাইলাকান্দি সদর থানার দুজন কনস্টেবল ইউসুফ আলী এবং নারায়ন দাসকে গ্রেপ্তার করা হয়েছে । এই দুই কনস্টেবলকে ড্রাগসের কালো ব্যবসার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে গ্রেপ্তার করা হয়েছে । এদিকে জেলার পুলিশ সুপার লীনা দোলে জানিয়েছেন যে আসাম রাইফেলসের একজন ইনফর্মার বাহারুল উদ্দিনের খবরেরভিত্তিতে দুই কনস্টেবলকে গ্রেপ্তার করা হয়েছে এবং চাকুরী থেকে বরখাস্ত করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

হাইলাকান্দি ও লালা শিশু উন্নয়ন প্রকল্পের ষষ্ঠ পোষণ মাস পালন আজ শেষ হয়েছে । এ উপলক্ষ্যে আজ হাইলাকান্দি শিশু উন্নয়ন খন্ডের অধীন ১৫৩ নম্বর বরজুরাই প্রাথমিক বিদ্যালয়ের ২৫৩ নম্বর অঙ্গনওয়াড়ি কেন্দ্র এবং লালা শিশু উন্নয়ন খন্ডের অধীন মনাছড়ার ৮৫ নম্বর মডেল অঙ্গনওয়াড়ি কেন্দ্রে

সমাপ্তি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । অনুষ্ঠানগুলিতে স্থানীয়ভাবে উৎপাদিত পুষ্টিকর ফলমূল শাক সবজী দিয়ে পুষ্টিকর আহারের প্রদর্শনী তুলে ধরা হয়েছে । জেলা সমাজ কল্যাণ আধিকারীক কবীন্দ্র ওয়িরিসা ঐ দুটি অনুষ্ঠানের উদ্বোধন করেছেন।

------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলায় আসন্ন শারদীয় দুর্গোৎসব সুষ্ঠু ও শান্তিপূর্নভাবে সম্পন্ন করার বিষয়ে আলোচনা করতে জেলা প্রশাসনের উদ্যোগে আজ এক সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে আয়োজিত সভায় পূজা কমিটিগুলোকে নিয়ম ও দায়িত্ব সর্ম্পকে অবগত করানো হয়েছে। এছাড়া সভায় জানানো হয় যে- পূজা কমিটিগুলোকে সংশ্লিষ্ট চক্র আধিকারীকের কার্য্যলয় থেকে আগামী ১৫ই অক্টোবরের মধ্যে প্রয়োজনীয় অনুমতি নিতে হবে । সভায় জানানো হয় যে প্রতিটি পূজা কমিটি যেকোন জরুরীকালীন পরিস্থিতির জন্য পূজা মন্ডপে বালি , জল ও অগ্নি নির্বাপক সরঞ্জাম ও পর্য্যাপ্ত সংখ্যাক ডাস্টবিন মন্ডপের সামনে রাখতে হবে । পূজা কমিটিগুলিকে সি সি টিভি ক্যামেরা লাগাতে বলা হয়েছে । যে কোনও ধরনের অবাঞ্ছিত ঘটনা পর্য্যবেক্ষন করে তাৎক্ষনিক ব্যবস্থা গ্রহন করার সুবিধা করতে এই ব্যবস্থা নিতে বলা হয়েছে । সভায় পুলিশ সুপার পার্থ প্রতিম দাস জানান যে আইন শৃংখলা ও অন্যান্য যেকোন পরিস্থিতিতে যোগাযোগের জন্য একটি পুলিশ কন্ট্রোল রুম কার্যকরী থাকবে যার মোবাইল নম্বর হচ্ছে-৮০৯৯৬৬২২৭৫ । এছাড়া পূজার দিনগুলিতে জেলা প্রশাসনের পক্ষ থেকে একটি পৃথক কন্ট্রল রুম চালু করা হবে বলে জানানো হয়েছে । আজকের সভায় এ এস টি সি'র চেয়ারম্যান মিশন রঞ্জন দাস , বিধায়ক কমলাক্ষ্য দে পুরকায়স্থ , পৌরপতি রবীন্দ্র চন্দ্র দেব , বিজেপি দলের জেলা সভাপতি সুব্রত ভট্টাচার্য্য প্রমূখ উপস্থিত ছিলেন ।

------------------------------------------------------------------------